



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
ব্লক নং- ৫-৬

ই-মেইল : precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd


ফোন- , ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৮১১৭৮৩৪, ৮১১৩১৫৬, ৮১১৯৮১৯

নং -নিকস/জঃসঃ/১৩/জাঃসঃনিঃ/সঃবিঃ/২০০৭ /১৬৬০

তারিখ : ২৭মে, ২০০৭

উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তাদের পরীক্ষার ফলাফল সংক্রান্ত সংবাদ প্রসঙ্গে

দৈনিক ইত্তেফাক, প্রথম আলো, সমকাল সহ কয়েকটি দৈনিকে আজ (২৭মে ২০০৭) “থানা নির্বাচনী কর্মকর্তার মেধা যাচাই পরীক্ষার ফল চূড়ান্ত ” শীর্ষক যে সংবাদ প্রকাশিত হয়েছে তার প্রতি নির্বাচন কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আইবিএ কর্তৃক গৃহীত পরীক্ষায় ৫২ জন কর্মকর্তা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন- এ সংবাদ বস্তুনিষ্ঠ বা সঠিক তথ্যনির্ভর নয়। উল্লেখ্য যে, বিগত ১৮ই মে ২০০৭ তারিখে উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তাদের যোগ্যতা নির্ধারণী পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ এ পরীক্ষা পরিচালনা করে। আইবিএ কর্তৃক এ পরীক্ষার চূড়ান্ত ফলাফল এখনো প্রকাশ করা হয়নি বা তা এখনো নির্বাচন কমিশনে প্রেরণ করা হয়নি। এ কারণে নির্বাচন কমিশনের কোন সূত্র কর্তৃক এ বিষয়ে কোন বক্তব্য বা মতামত রাখার আদৌ কোন অবকাশ নেই। বস্তুত এ সংবাদ ভিত্তিহীন।


২৭.৫.০৭
(এস এস আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিসি)
ফোন : ৮১১৪১৭৬